

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ ডিসেম্বর ২০২৩খ্রি.

**সহজ শর্তের ঋণ মেটাতে পারে নগর দরিদ্রের আবাসন সমস্যা: মেয়র রেজাউল**

জলবায়ু পরিবর্তনের ফলে নগরীতে অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়া উদ্বাস্তু মানুষদের স্থায়ী আবাসনের চ্যালেঞ্জ মোকাবিলায় সহজ শর্তের ঋণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে মন্তব্য করেছে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার নগরীর থিয়েটার ইন্সটিটিউটে আয়োজিত কমিউনিটি গৃহ উন্নয়ন মহিলা সমিতির ২য় বার্ষিক সাধারণ সভায় এ মন্তব্য মেয়র, জলবায়ু পরিবর্তনের ফলে বসতভিটা হারিয়ে দেশে নিম্নাচলের বিপুল পরিমাণ মানুষ ঢাকা, চট্টগ্রামসহ বড় শহরগুলোতে চলে আসছে। আবার, কাজের খোঁজেও অনেকে ভিড় জমাচ্ছে শহরে। বর্তমানে এই নগর দরিদ্রদের স্থায়ী আবাসন নিশ্চিত করা একটি বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে। অনেকে কষ্ট করে কিছুটা প্রান্তিক অঞ্চলে জমি কিনতে পারলেও বাড়ি করতে পারছেন। সহজ শর্তে ক্ষুদ্রঋণের ব্যবস্থা করতে পারলে নগর দরিদ্রের আবাসন সমস্যা অনেকাংশে কমানো সম্ভব।

সভায় আরো উপস্থিত ছিলেন চসিকের সহকারী স্থপতি আবদুল্লাহ আল ওমর, বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলী চৌধুরী, ইউএনডিপি'র টাউন ম্যানেজার সরোয়ার হোসেন খান, সমিতির সভাপতি নূর জাহান বেগমসহ সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮